সামিট 'পাওয়ার ইউটিলিটি অফ দ্য ইয়ার - বাংলাদেশ ২০২১' খেতাবে পুরস্কৃত হলো।

ফটো ক্যাপশন: *সামিট পাওয়ার ইন্টারন্যাশনালের পক্ষ থেকে সিএফও নিকোলাস প্যাডগালসকাস বাংলাদেশের শীর্ষ পাওয়ার ইউটিলিটি প্রতিষ্ঠান ২০২১ হবার স্বীকৃতিস্বরূপ এশিয়ান পাওয়ার অ্যাওয়ার্ডস-এ 'পাওয়ার ইউটিলিটি অফ দ্য ইয়ার-বাংলাদেশ' পুরস্কারটি গ্রহণ করেন।*

(সিঙ্গাপুর) ৩ ফেব্রুয়ারি, ২০২২: সামিট পাওয়ার ইন্টারন্যাশনাল, বাংলাদেশের বৃহত্তম স্বতন্ত্র বিদ্যুৎ উৎপাদনকারী প্রতিষ্ঠান (আইপিপি), বাংলাদেশের শীর্ষ পাওয়ার ইউটিলিটি প্রতিষ্ঠান হবার স্বীকৃতিস্বরূপ এশিয়ান পাওয়ার অ্যাওয়ার্ডস ২০২১ -এ "পাওয়ার ইউটিলিটি অফ দ্য ইয়ার- বাংলাদেশ" পুরস্কারে ভূষিত হয়।

ইতি পূর্বে, ২০১৮ সালে সামিট গাজীপুর-২ পাওয়ার লিমিটেড মাত্র নয় মাসে ৩০০ মেগাওয়াট বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ করে বছরের ' বিশ্ব সেরা ফাস্ট-ট্র্যাক পাওয়ার প্ল্যান্ট নির্মাণ এর জন্য ইন্দোনেশিয়ায় এশিয়ান পাওয়ার অ্যাওয়ার্ডস ২০১৮ -এ সিলভার অ্যাওয়ার্ড পেয়েছে। এর আগে ২০১১ সালে, সামিট নারায়নগঞ্জ পাওয়ার লিমিটেড (১০৫ মেগাওয়াট) এশিয়ান পাওয়ার অ্যাওয়ার্ড ২০১১-তে বিশ্ব সেরা ফাস্ট ট্র্যাক প্রকল্প বাস্তবায়নের জন্য গোল্ড অ্যাওয়ার্ড অর্জন করেছিল। প্রকল্পটি মাত্র ২৭০ দিনে সম্পন্ন হয়েছিল।